# মুমিনের গুনাবলী এবং কিভাবে আমাদের জীবনে গুনগুলো প্রতিষ্ঠা করতে হবে

আসসালামুআলাইকুম ওয়ারাহমাতুল্লাহি ওয়াবারাকাতুহু।

বিসমিল্লাহির রহমানির রহিম

আজকের আলোচনার বিষয়বস্তু হচ্ছে **"মুমিনের গুনাবলী এবং কিভাবে আমাদের জীবনে গুনগুলো প্রতিষ্ঠা করতে হবে"।**

১। **চলাফেরায় বিনয়ী।**

২। **অন্যদের সাথে অর্থহীন বিতর্কে লিপ্ত হয় না।**

৩। **রাত কাটায় প্রভুর ইবাদতে (সালাতে)।**

৪। **জাহান্নামের আগুন থেকে বাঁচার দোয়া করে।**

৫। **অপব্যয় করে না।**

৬। **কার্পণ্য করেনা।**

৭। **অন্যায় ভাবে কাউকে হত্যা করেনা।**

৮। **জ্বিনা করে না।**

৯। **তাওবা করে অন্যায় কাজ পরিহার করে, ঈমান আনে, আমলে সালেহ করে।**

১০। **মিথ্যা সাক্ষ্য দেয় না।**

১১। **আত্মমর্যাদা রক্ষা করে চলে।**

১২। **অর্থহীন কর্মকান্ডে লিপ্ত হয় না।**

১৩। **আল্লাহর স্মরণে অন্ধ ও বধির হয় না।**

وَعِبَادُ الرَّحْمَنِ الَّذِينَ يَمْشُونَ عَلَى الْأَرْضِ هَوْنًا وَإِذَا خَاطَبَهُمُ الْجَاهِلُونَ قَالُوا سَلَامًا ﴿٦٣﴾

রহমান-এর বান্দা তারাই, যারা পৃথিবীতে নম্রভাবে চলাফেরা করে এবং তাদের সাথে যখন মুর্খরা কথা বলতে থাকে, তখন তারা বলে, সালাম। সুরা ফুরকান ২৫:৬৩

وَالَّذِينَ يَبِيتُونَ لِرَبِّهِمْ سُجَّدًا وَقِيَامًا ﴿٦٤﴾



To learn more click here

এবং যারা রাত্রি যাপন করে পালনকর্তার উদ্দেশ্যে সেজদাবনত হয়ে ও দন্ডায়মান হয়ে; সুরা ফুরকান ২৫:৬৪

وَالَّذِينَ يَقُولُونَ رَبَّنَا اصْرِفْ عَنَّا عَذَابَ جَهَنَّمَ إِنَّ عَذَابَهَا كَانَ غَرَامًا ﴿٦٥﴾

এবং যারা বলে, হে আমার পালনকর্তা, আমাদের কাছথেকে জাহান্নামের শাস্তি হটিয়ে দাও। নিশ্চয় এর শাস্তি নিশ্চিত বিনাশ; সুরা ফুরকান ২৫:৬৫

إِنَّهَا سَاءتْ مُسْتَقَرًّا وَمُقَامًا ﴿٦٦﴾

বসবাস ও অবস্থানস্থল হিসেবে তা কত নিকৃষ্ট জায়গা। সুরা ফুরকান ২৫:৬৬

وَالَّذِينَ إِذَا أَنفَقُوا لَمْ يُسْرِفُوا وَلَمْ يَقْتُرُوا وَكَانَ بَيْنَ ذَلِكَ قَوَامًا ﴿٦٧﴾

এবং তারা যখন ব্যয় করে, তখন অযথা ব্যয় করে না কৃপণতাও করে না এবং তাদের পন্থা হয় এতদুভয়ের মধ্যবর্তী। সুরা ফুরকান ২৫:৬৭

وَالَّذِينَ لَا يَدْعُونَ مَعَ اللَّهِ إِلَهًا آخَرَ وَلَا يَقْتُلُونَ النَّفْسَ الَّتِي حَرَّمَ اللَّهُ إِلَّا بِالْحَقِّ وَلَا يَزْنُونَ وَمَن يَفْعَلْ ذَلِكَ يَلْقَ أَثَامًا ﴿٦٨﴾

এবং যারা আল্লাহর সাথে অন্য উপাস্যের এবাদত করে না, আল্লাহ যার হত্যা অবৈধ করেছেন, সঙ্গত কারণ ব্যতীত তাকে হত্যা করে না এবং ব্যভিচার করে না। যারা একাজ করে, তারা শাস্তির সম্মুখীন হবে। সুরা ফুরকান ২৫:৬৮

يُضَاعَفْ لَهُ الْعَذَابُ يَوْمَ الْقِيَامَةِ وَيَخْلُدْ فِيهِ مُهَانًا ﴿٦٩﴾

কেয়ামতের দিন তাদের শাস্তি দ্বিগুন হবে এবং তথায় লাঞ্ছিত অবস্থায় চিরকাল বসবাস করবে। সুরা ফুরকান ২৫:৬৯

إِلَّا مَن تَابَ وَآمَنَ وَعَمِلَ عَمَلًا صَالِحًا فَأُوْلَئِكَ يُبَدِّلُ اللَّهُ سَيِّئَاتِهِمْ حَسَنَاتٍ وَكَانَ اللَّهُ غَفُورًا رَّحِيمًا ﴿٧٠﴾

কিন্তু যারা তওবা করে বিশ্বাস স্থাপন করে এবং সৎকর্ম করে, আল্লাহ তাদের গোনাহকে পুন্য দ্বারা পরিবর্তত করে এবং দেবেন। আল্লাহ ক্ষমাশীল, পরম দয়ালু। সুরা ফুরকান ২৫:৭০

وَمَن تَابَ وَعَمِلَ صَالِحًا فَإِنَّهُ يَتُوبُ إِلَى اللَّهِ مَتَابًا ﴿٧١﴾

যে তওবা করে ও সৎকর্ম করে, সে ফিরে আসার স্থান আল্লাহর দিকে ফিরে আসে। সুরা ফুরকান ২৫:৭১



To learn more click here

وَالَّذِينَ لَا يَشْهَدُونَ الزُّورَ وَإِذَا مَرُّوا بِاللَّغْوِ مَرُّوا كِرَامًا ﴿٧٢﴾

এবং যারা মিথ্যা কাজে যোগদান করে না এবং যখন অসার ক্রিয়াকর্মের সম্মুখীন হয়, তখন মান রক্ষার্থে ভদ্রভাবে চলে যায়। সুরা ফুরকান ২৫:৭২

وَالَّذِينَ إِذَا ذُكِّرُوا بِآيَاتِ رَبِّهِمْ لَمْ يَخِرُّوا عَلَيْهَا صُمًّا وَعُمْيَانًا ﴿٧٣﴾

এবং যাদেরকে তাদের পালনকর্তার আয়াতসমূহ বোঝানো হলে তাতে অন্ধ ও বধির সদৃশ আচরণ করে না। সুরা ফুরকান ২৫:৭৩

وَالَّذِينَ يَقُولُونَ رَبَّنَا هَبْ لَنَا مِنْ أَزْوَاجِنَا وَذُرِّيَّاتِنَا قُرَّةَ أَعْيُنٍ وَاجْعَلْنَا لِلْمُتَّقِينَ إِمَامًا ﴿٧٤﴾

এবং যারা বলে, হে আমাদের পালনকর্তা, আমাদের স্ত্রীদের পক্ষ থেকে এবং আমাদের সন্তানের পক্ষ থেকে আমাদের জন্যে চোখের শীতলতা দান কর এবং আমাদেরকে মুত্তাকীদের জন্যে আদর্শস্বরূপ কর। সুরা ফুরকান ২৫:৭৪

أُوْلَئِكَ يُجْزَوْنَ الْغُرْفَةَ بِمَا صَبَرُوا وَيُلَقَّوْنَ فِيهَا تَحِيَّةً وَسَلَامًا ﴿٧٥﴾

তাদেরকে তাদের সবরের প্রতিদানে জান্নাতে কক্ষ দেয়া হবে এবং তাদেরকে তথায় দোয়া ও সালাম সহকারে অভ্যর্থনা করা হবে। সুরা ফুরকান ২৫:৭৫

خَالِدِينَ فِيهَا حَسُنَتْ مُسْتَقَرًّا وَمُقَامًا ﴿٧٦﴾

তথায় তারা চিরকাল বসবাস করবে। অবস্থানস্থল ও বাসস্থান হিসেবে তা কত উত্তম। সুরা ফুরকান ২৫:৭৬

১। **<u>সালাতে হয় বিনীত।</u>**

২। **<u>অর্থহীন কথাবাতা থেকে বিরত থাকে।</u>**

৩। **<u>আত্মোন্নয়নে সক্রিয় (যাকাত প্রদান)।</u>**

৪। **<u>যৌনাঙ্গকে হেফাজত করে।</u>**

৫। **<u>আমানত রক্ষা করে।</u>**

৬। **<u>অঙ্গীকার রক্ষা করে।</u>**

৭। **<u>সালাত হেফাজতকারী।</u>**



To learn more click here

الَّذِينَ هُمْ فِي صَلَاتِهِمْ خَاشِعُونَ ﴿٢﴾

যারা নিজেদের নামাযে বিনয়-নম্র; সুরা মু'মিনুন ২৩:২

وَالَّذِينَ هُمْ عَنِ اللَّغْوِ مُعْرِضُونَ ﴿٣﴾

যারা অনর্থক কথা-বার্তায় নির্লিপ্ত, সুরা মু'মিনুন ২৩:৩

وَالَّذِينَ هُمْ لِلزَّكَاةِ فَاعِلُونَ ﴿٤﴾

যারা যাকাত দান করে থাকে। সুরা মু'মিনুন ২৩:৪

وَالَّذِينَ هُمْ لِفُرُوجِهِمْ حَافِظُونَ ﴿٥﴾

এবং যারা নিজেদের যৌনাঙ্গকে সংযত রাখে। সুরা মু'মিনুন ২৩:৫

إِلَّا عَلَى أَزْوَاجِهِمْ أوْ مَا مَلَكَتْ أَيْمَانُهُمْ فَإِنَّهُمْ غَيْرُ مَلُومِينَ ﴿٦﴾

তবে তাদের স্ত্রী ও মালিকানাভুক্ত দাসীদের ক্ষেত্রে সংযত না রাখলে তারা তিরস্কৃত হবে না। সুরা মু'মিনুন ২৩:৬

فَمَنِ ابْتَغَى وَرَاء ذَلِكَ فَأُوْلَئِكَ هُمُ الْعَادُونَ ﴿٧﴾

অতঃপর কেউ এদেরকে ছাড়া অন্যকে কামনা করলে তারা সীমালংঘনকারী হবে। সুরা মু'মিনুন ২৩:৭

وَالَّذِينَ هُمْ لِأَمَانَاتِهِمْ وَعَهْدِهِمْ رَاعُونَ ﴿٨﴾

এবং যারা আমানত ও অঙ্গীকার সম্পর্কে হুশিয়ার থাকে। সুরা মু'মিনুন ২৩:৮

وَالَّذِينَ هُمْ عَلَى صَلَوَاتِهِمْ يُحَافِظُونَ ﴿٩﴾

এবং যারা তাদের নামাযসমূহের খবর রাখে। সুরা মু'মিনুন ২৩:৯

أُوْلَئِكَ هُمُ الْوَارِثُونَ ﴿١٠﴾

তারাই উত্তরাধিকার লাভ করবে। সুরা মু'মিনুন ২৩:১০

১। **বাধ্যগত।**

২। **মুমিন।**



To learn more click here

৩। <u>অনুগত।</u>

৪। <u>সত্যবাদী।</u>

৫। <u>ধৈর্যশীল।</u>

৬। <u>বিনয়ী।</u>

৭। <u>দানশীল।</u>

৮। <u>সওম পালনকরী।</u>

৯। <u>যৌনাঙ্গ হেফাজতকারী।</u>

১০। <u>বেশী বেশী আল্লাহর যিকিরকারী।</u>

إِنَّ الْمُسْلِمِينَ وَالْمُسْلِمَاتِ وَالْمُؤْمِنِينَ وَالْمُؤْمِنَاتِ وَالْقَانِتِينَ وَالْقَانِتَاتِ وَالصَّادِقِينَ وَالصَّادِقَاتِ وَالصَّابِرِينَ وَالصَّابِرَاتِ وَالْخَاشِعِينَ وَالْخَاشِعَاتِ وَالْمُتَصَدِّقِينَ وَالْمُتَصَدِّقَاتِ وَالصَّائِمِينَ وَالصَّائِمَاتِ وَالْحَافِظِينَ فُرُوجَهُمْ وَالْحَافِظَاتِ وَالذَّاكِرِينَ اللَّهَ كَثِيراً وَالذَّاكِرَاتِ أَعَدَّ اللَّهُ لَهُم مَّغْفِرَةً وَأَجْرًا عَظِيمًا ﴿١٨﴾

নিশ্চয় মুসলমান পুরুষ, মুসলমান নারী, ঈমানদার পুরুষ, ঈমানদার নারী, অনুগত পুরুষ, অনুগত নারী, সত্যবাদী পুরুষ, সত্যবাদী নারী, ধৈর্য্যশীল পুরুষ, ধৈর্য্যশীল নারী, বিনীত পুরুষ, বিনীত নারী, দানশীল পুরুষ, দানশীল নারী, রোযা পালণকারী পুরুষ, রোযা পালনকারী নারী, যৌনাঙ্গ হেফাযতকারী পুরুষ, , যৌনাঙ্গ হেফাযতকারী নারী, আল্লাহর অধিক যিকরকারী পুরুষ ও যিকরকারী নারী-তাদের জন্য আল্লাহ প্রস্তুত রেখেছেন ক্ষমা ও মহাপুরষ্কার। সুরা আহযাব ৩৩:৩৫

আল্লাহ তা'আলা উপরে উল্লেখিত গুনবলী ৩০টি সূরা আল-ফুরকানে ৬৩ থেকে ৭৬ নম্বর আয়াতে, সূরা আল-মুমিনূনের ২ থেকে ১০ নম্বর আয়াতে এবং সূরা আহযাবের ৩৫ নম্বর আয়াতে বর্ণনা করেছেন।

প্রিয় ভাই ও বোনেরা! আসুন, পবিত্র কোরআন মজীদের উল্লেখিত এই গুনগুলো আমাদের জীবনে অর্জন করি এবং অন্যদেরকে ও অর্জন করার জন্য উৎসাহ প্রদান করি।

গুনাহ মাফ চাই আল্লাহর কাছে এবং সংকল্প ও চেষ্টা করি ৩০টি গুন অর্জনের। প্রতিদিন মনে মনে হিসাব করি আমার কয়টি গুন অর্জিত হয়েছে, কয়টি বাকি রয়েছে। ইনশাআল্লাহ, খালেছ নিয়তে চেষ্টা করলে এ গুনগুলো অর্জিত হবে। হয়তো একটু সময় লাগতে পারে। আল্লাহর কাছে সাহায্য চাইলে আল্লাহ এই গুনগুলো অর্জনের সামর্থ্য দান করবেন, ইনশাআল্লাহ।



To learn more click here